

BNGA(HN)-03

West Bengal State University  
B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015

PART - II

বাংলা — সাম্মানিক

তৃতীয় পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমানের নির্দেশক।

১। উদাহরণ সহযোগে দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১২

অথবা

যে-কোনো দুটির উদাহরণসহ ব্যাখ্যা করো :

দল, পর্ব, যতি, মাত্রা।

২ × ৬ = ১২

২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করো :

ক) হাথক দরপণ মাথক ফুল।

নয়নক অঞ্জন মুখক তাম্বুল।।

হৃদয়ক মৃগমদ গীমক হার।

দেহক সরবস গেহক সার।।

২ × ৪ = ৮

খ) কণ্টক গাড়ি কমলসম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।

গাগরি বারি চারি করি পিছল

চলতহি অঙ্গুলি চাপি।

SUB-B.A.(HN)-BNGA-6026

[ Turn over

গ) যেমনো রজনী আজি, লয়ে তারাদলে।  
গেলে তুমি, দয়াময়ি এ পরাগ যাবে !  
উদিলে নির্দয় রবি উদয় অচলে,  
নয়নের মণি মোর নয়ন হারাবে।

ঘ) উজ্জ্বল এক ঝাঁক পায়রা  
সূর্যের উজ্জ্বল রৌদ্রে  
চঞ্চল পাখনায় উড়ছে।

৩। উপমা অলংকার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলংকারের বিভাগগুলি আলোচনা করো। ১২

অথবা

যে-কোনো দুটি অলঙ্কার উদাহরণসহ ব্যাখ্যা করো :

২ × ৬ = ১২

যমক, শ্লেষ, অপহুতি, বিরোধ।

৪। যে কোনো দুটি উদ্ধৃতির অলঙ্কার নির্ণয় করো :

২ × ৪ = ৮

ক) আমার দেশের পথের ধূলা খাঁটি সোনার চাইতে খাঁটি।

খ) কালো জল ঢালিতে সেই কালো পড়ে মনে।

গ) শীতের ওটনী পিয়া গীরিষের বা।

বরিষার ছত্র পিয়া দরিয়ার না।

ঘ) এ পুরীর পথ মাঝে যত আছে শিলা

কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

ঙ) মাথার উপরে জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

৫। বৈষ্ণব পদাবলী সাহিত্যে অভিসার কাকে বলে ? অভিসারের পদ রচনায় বিদ্যাপতি অথবা চণ্ডীদাসের কৃতিত্ব নির্ণয় করো।

১৫

অথবা

“বৈষ্ণব করিরা প্রেম মনস্তত্ত্বের সুনিপুণ রূপকার” — বিভিন্ন পর্যায় থেকে উদ্ধৃতি সহযোগে বিষয়টি আলোচনা করো।

১৫

- ৬। শাক্ত গানগুলিতে অষ্টাদশ শতকের রাজনৈতিক বিশৃঙ্খলা ও সামাজিক অবক্ষয়ের যে প্রকাশ ঘটেছে, সে বিষয়ে তোমার মতামত দাও। ১৫

অথবা

“শাক্ত কবিমাত্রই ভক্ত এবং তাঁদের কোনও কোনও পদে মাতৃচরণে অনন্ত নির্ভরতার অকুণ্ঠ প্রকাশ ঘটেছে।” — ‘ভক্তের আকৃতি’ পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে এই নির্ভরতার স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

- ৭। “মধ্যযুগের সমগ্র বাংলা সাহিত্যে মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যটিতে ঘটেছে আধুনিক উপন্যাস ভাবনার উজ্জ্বল প্রতিফলন।” — মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১৫

না করো। ১২

অথবা

“বঙ্গ নারীর চরিত্র হিসেবে মুকুন্দ চক্রবর্তীর কবিকঙ্কণ চণ্ডীর ‘ফুল্লরা’ চরিত্রটি এককথায় অনবদ্য।” — আলোচনা করো। ১৫

২ × ৬ = ১২

- ৮। “সখি কি পুদুসি অনুভব মোয়” — কোন্ রসপর্যায়ের অন্তর্গত? পদকর্তা কে? কার অনুভবের প্রসঙ্গে জানতে চাওয়া হয়েছে? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ১ + ২ = ৫

২ × ৪ = ৮

অথবা

“সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু অনলে পুড়িয়া গেল।” — কোন্ রসপর্যায়ের অন্তর্গত? পদকর্তা কে? কার সুখের ঘর পুড়ে যাওয়ার কথা বলা হয়েছে? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ১ + ২ = ৫

- ৯। “কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি

নারীর জনম কেবল যন্ত্রনা সহিতে”

— পদকর্তা কে? বক্তা কেন অনুনয় করেছে? একজন নারীর দৃষ্টিকোণ থেকে তার অসহায় অবস্থাটি ব্যাখ্যা করো। ১ + ২ + ২ = ৫

দ্যাপতি অথবা

১৫

অথবা

“যদি তোমার বাপের ধারা ধর, তবে বটে আমি হারি।

যদি আমার বাপের ধারা তবে তো মা পেতে পারি।”

হযোগে বিষয়টি

১৫

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ১ + ৩ = ৫

১০। “সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল  
ঘষিয়া মাজিয়া বাপা কর্যাছ উজ্জ্বল”

— কে, কাকে বলেছে ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

১ + ১ + ৩ = ৫

অথবা

“নফরের হাতে খাণ্ডা      বহুড়ীর হাতে ভাণ্ডা  
পরিণামে দেই অতি দুখ”

— বক্তা কে ? ‘নফর’ ও ‘বহুড়ী’ শব্দ দুটি কার প্রতি কেন প্রযুক্ত হয়েছে ? পরিণাম কেন  
দুঃখদায়ক হবে বলে বক্তার মনে হয়েছে ?

১ + ২ + ২ = ৫